



সুসংহত শিশু বিকাশ পরিষেবা (আই.সি.ডি.এস.)

আই.সি.ডি.এস. এক অতুলনীয় শিশু উন্নয়ন কর্মসূচি যা ছোট বাচ্চা, গর্ভবতী ও সদ্য প্রসূতি মায়েদের পুষ্টি, স্বাস্থ্য ও বিকাশ সংক্রান্ত চাহিদা মেটাতে 1975 সালে চালু করা হয়েছিলো।

শক্তিশালী ও পুনর্গঠিত আই.সি.ডি.এস.


ব্রত হিসেবে আই.সি.ডি.এস. জোরদার করার লক্ষ্যে গৃহীত পদক্ষেপগুলি:

- ◆ বার্ষিক কর্মসূচি রূপায়ণ পরিকল্পনা (এ.পি.আই.পি.) আই.ডি.এ. সহায়তাপুষ্ট আই.এস.এস.এন.আই.পি.- এর সংগে প্রসারিত করতে হবে।
- ◆ বিশ্ব স্বাস্থ্য সংস্থা ছ-র নতুন বিকাশ সংক্রান্ত আদর্শমানগুলি গ্রহণ করা এবং মা ও শিশুর যুগ্ম সুরক্ষা কার্ড চালু করা।
- ◆ তদারকির নির্দেশিকা-সহ পাঁচ স্তর বিশিষ্ট নজরদারি ব্যবস্থা চালু করা।
- ◆ অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির মান স্থির করা ও স্বীকৃতি দান এবং পরিষেবা প্রদানকারী ও অন্যান্য স্বার্থ সংশ্লিষ্ট সংস্থাগুলির পুরস্কারের জন্য খসড়া নির্দেশিকা চালু করা।
- ◆ সংশোধিত ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এম.আই.এস.) চালু করে দেওয়া।
- ◆ ই.সি.সি.ই. নীতি প্রণয়নের জন্য কোর গ্রুপ গঠন।
- ◆ অঙ্গনওয়াড়ি কর্মী ও অঙ্গনওয়াড়ি সহায়িকাদের যান্মানিক ভাতা বৃদ্ধি।
- ◆ পুষ্টি, উৎস, মঞ্চ (এন.আর.পি.) স্থাপন করা।

আই.সি.ডি.এস. পুনর্গঠনের জন্য পদক্ষেপগুলি

◆ কর্মসূচি ভিত্তিক সংস্কার

- অঙ্গনওয়াড়ি কেন্দ্রকে একটি 'স্পন্দনশীল ই.সি.ই. কেন্দ্র' হিসেবে পুনর্স্থাপিত করা, যাতে তা প্রাথমিক জ্ঞান লাভের জন্য গ্রামের চৌকি হয়ে উঠে।
- অঙ্গনওয়াড়ি কেন্দ্রের উপযুক্ত ভবন ও পরিকাঠামো ব্যবস্থা।
- প্রদত্ত পরিষেবার প্যাকেজটি জোরদার করা।
- 3 বছরের কম বয়সীদের ওপর বেশি নজর দেওয়া এবং গোড়ার দিকে শিশুদের যত্ন ও শিক্ষার পরিবেশের ওপর আলোকপাত করা।
- গোড়ার দিকের শিশু সুরক্ষা ও শিক্ষা ব্যবস্থাকে জোরদার করা।
- পরিপূরক পুষ্টি কর্মসূচির উন্নতি ঘটানো।
- মায়েদের জন্য শিশু যত্ন ও পুষ্টি সংক্রান্ত উপদেশমূলক আসর বসানো।



গুরুত্ব সংক্রান্ত নতুন এলাকাগুলি



- ◆ নতুন করে ঢেলে সাজা পরিষেবার প্যাকেজ।
- 3 বছরের কম বয়সী শিশুদের ওপর প্রধান দৃষ্টি, যত্ন নেওয়া বোঝানো এবং গোড়ার দিকেই উদ্দীপ্ত করা।
- শৈশবের গোড়ার দিকে শিক্ষা ও বিকাশ / প্রাক্ বিদ্যালয় শিক্ষা।
- ◆ প্রভাব ও ফলাফলের ওপর নজর দেওয়া এবং ফলাফলের সূচকগুলি দেখা।
- ◆ আই.সি.ডি.এস.-এর পরিষেবার মান নির্দিষ্ট করে দেওয়া।
- ◆ কর্মসূচি ভিত্তিক এবং বিষয়ভিত্তিক প্রয়াসের একমুখীকরণ।
- ◆ সুশীল সমাজের অংশগ্রহণের মাধ্যমে গৃহীত মিশন বা ব্রতের পর্যালোচনা।
- ◆ স্বেচ্ছায় গৃহীত প্রয়াসের মাধ্যমে পুষ্টি, ই.সি.সি.ই., শিশু বিকাশ ইত্যাদি সফলভাবে রূপায়ণে প্রতিষ্ঠানের সংগে অংশীদারিত্ব করা।
- ◆ আরও বেশি হারে পল্লীবাসীর অংশগ্রহণ।
- ◆ জনশুনানি সামাজিকভাবে মূল্যায়ন এবং সেই সব মূল্যায়নের কথা খুলে বলার ব্যবস্থা করা।

- অত্যন্ত বেশি রকম ও মাঝারি মানের কম ওজনের ছেলেমেয়েদের পরিচালনা (গ্রামে পুষ্টিগত পরামর্শ প্রদান ও স্নেহ শিবির আয়োজনের মাধ্যমে)।
- চাহিদা সম্পন্ন ছেলেমেয়েদের ওপর আলোকপাত করা।

সারণি : পরিপূরক পুষ্টির সংশোধিত ব্যয়

শ্রেণী	প্রচলিত ব্যয় (16-10-2008-এ চালু হওয়া)	সংশোধিত ব্যয় (দৈনিক প্রতি সুবিধাপ্রাপকের জন্য)
6-72 মাস বয়সী ছেলেমেয়ে	Rs 4.00	Rs 6.00
অত্যন্ত কম ওজন বিশিষ্ট ছেলেমেয়ে	Rs 6.00	Rs 9.00
গর্ভবতী মহিলা ও প্রসূতি মায়েরা	Rs 5.00	Rs 7.00

- মানব সম্পদ জোরদার করা।
- পেশাদার শিশু বিকাশ পরিষেবা সুনিশ্চিত করতে সামর্থ্যের বিকাশ ঘটানো।
- পল্লীগত মালিকানার বোধ সঞ্চার করা।

◆ ব্যবস্থাপনা সংস্কার

- বিকেন্দ্রীভূত ব্যবস্থাপনা ও পরিবর্তনযোগ্য স্থাপত্য।
- একমুখীকরণ সুনিশ্চিত করা
- প্রশাসনকে জোরদার করা।
- আই.সি.ডি.এস.-এর ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম বা (এম.আই.এস.)-কে শক্তিশালী করা।
- তথ্য, যোগাযোগ ও প্রযুক্তি (আই.সি.টি.)-র ব্যবহার করা।
- যথেষ্ট আর্থিক সম্পদ বরাদ্দ করা।

◆ প্রাতিষ্ঠানিক সংস্কার

- মিশন মোড বা ব্রত হিসেবে আই.সি.ডি.এস.কে গ্রহণ করা।
- নির্দেশিকা ও তদারকির জন্য উপযুক্ত ব্যবস্থা গড়া।
- পঞ্চায়েতী রাজ সংস্থাগুলিকে আরও বেশি করে সামিল করা।

ব্রত হিসেবে আই.সি.ডি.এস.-এর পরিষেবা গুচ্ছকে আরও শক্তিশালী করা



ই.সি.সি.ডি.

- ই.সি.সি.ডি./প্রাক্ স্কুল ও প্রথা বহির্ভূত শিক্ষা
- পরিপূরক পুষ্টি



পুষ্টি ও যত্নের জন্য পরামর্শ দান

- আই.ও.আই.সি.এস. ব্যবস্থা গড়ে তোলা এবং প্রয়োজনে পরামর্শ দেওয়া।
- মায়ের যত্ন ও সেই সম্পর্কে পরামর্শ।
- শিশুর যত্ন, পুষ্টি, স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি সংক্রান্ত শিক্ষা।
- কম ওজনের বাচ্চাদের যত্ন ও ব্যবস্থাপনার আয়োজন করা।



স্বাস্থ্য পরিষেবা

- টিকাকরণ ও অণু পুষ্টির পরিষেবার ব্যবস্থা।
- স্বাস্থ্য পরীক্ষা করা।
- চিকিৎসার জন্য অন্যত্র পাঠানোর পরিষেবা।



পল্লীকে উজ্জীবিত করা, সচেতনতা বাড়ানো এবং প্রচার এবং আই.সি.ডি.

- আই.সি.ডি.-র প্রচারাভিযান ও বিশেষ প্রচারের ব্যবস্থা।